

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/প-২৫/রে- ৬২৬৩

তারিখ : ২২.০৫.১৬

## অফিস আদেশ

এই বিশ্ববিদ্যালয়ের সিডিকেটের ০৫/০৬/২০১৩ তারিখের অধিবেশনে কর্মকর্তা/কর্মচারীদেরকে উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান বিষয়ে গৃহীত সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নে উদ্ধৃত করা হইলঃ

“প্রস্তাব নং সি ১৩০৩৩৫ : কর্মকর্তা/কর্মচারীদেরকে উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান বিষয়ে সংশোধিত নীতিমালা অনুমোদন।

এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান বিষয়ে সংশোধিত নীতিমালা অনুমোদন বিষয় বিবেচনা।

সিদ্ধান্ত : এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান বিষয়ে সংশোধিত নীতিমালা পরিশিষ্ট-১ মোতাবেক অনুমোদন করা হইল। সিডিকেটের পরবর্তী কার্যদিবস হইতে এই নীতির প্রয়োগ হইবে।”

## পরিশিষ্ট-১

### বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদানের নীতিমালা

- ১। সংশ্লিষ্ট পদের নির্ধারিত যোগ্যতায় নিয়োগ প্রাপ্ত এবং চাকুরীরত অবস্থায় কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে কোন উচ্চতর শিক্ষাগত ডিগ্রী অর্জন করতে হবে। উক্ত পদে উচ্চতর যোগ্যতা নিয়ে নির্বাচিত হলে তা তার নিয়োগের যোগ্যতা হিসাবে গণ্য হবে, কোন অনুপার্জিত ইনক্রিমেন্ট পাওয়ার যোগ্য হবে না।
- ২। উক্ত অর্জিত ডিগ্রী/শিক্ষাগত যোগ্যতায় নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্ত হতে হবে।
- ৩। উক্ত অর্জিত ডিগ্রী তার পদের যোগ্যতা ও কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ (relevant) হতে হবে।
- ৪। নিয়োগ স্থায়ী পদে হতে হবে।
- ৫। (ক) এস.এস.সি পরীক্ষার নীচ পর্যন্ত যে সকল কর্মচারীর শিক্ষাগত যোগ্যতা নির্ধারিত আছে তাদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি এর জন্য দুইটি এবং এইচ.এস.সি অর্জনের জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট পাবে।  
(খ) যে সকল কর্মচারী নিয়োগের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি বা সমমানের তাদের ক্ষেত্রে এইচ.এস.সি-এর জন্য দুইটি এবং স্নাতক ডিগ্রীর জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।  
(গ) যে সকল কর্মচারীর নিয়োগের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা এইচ.এস.সি বা সমমানের তাদের ক্ষেত্রে স্নাতক ডিগ্রীর জন্য দুইটি এবং স্নাতকোত্তর ডিগ্রীর জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।  
(ঘ) যে সকল কর্মচারীর নিয়োগের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা স্নাতক বা সমমানের তাদের ক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রীর জন্য দুইটি এবং এম.ফিল. ডিগ্রীর জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।  
(ঙ) যে সকল পদের নিয়োগের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা বি.এস.সি ইঞ্জি./ মাস্টার্স (এম.এ/ এম.কম/ এম.এড/ এম.বি.এ. ইত্যাদি) সে সকল ক্ষেত্রে এম.এস.সি. ইঞ্জি./ এম.ইঞ্জি./এম.ফিল. ডিগ্রীর জন্য দুইটি এবং পি.এইচ.ডি. ডিগ্রীর জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।  
(চ) উল্লেখ্য যে, সকল ডিগ্রী/সার্টিফিকেট বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী শিক্ষা বোর্ড হতে অর্জিত হতে হবে। অন্যথায় অর্জিত ডিগ্রী/সার্টিফিকেট যথাযথ নিয়মে ইকুইভ্যালেন্স করার পর গ্রহণযোগ্য বলে বিবেচনা করা যেতে পারে।

উচ্চতর শিক্ষাগত যোগ্যতা অর্জনের জন্য সমস্ত চাকুরী জীবনে কর্মকর্তা/কর্মচারীগণকে সর্বোচ্চ ৩ (তিন) টি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।

স্বাক্ষর/-

(প্রফেসর ডঃ এ কে এম মাসুদ)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

তারিখ : ২২.০৫.১৬

নং সংস্থা/প-২৫/রে- ৬২৬৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। ডীন, সকল অনুষদ, বা.প্র.বি., ঢাকা।
- ২। সকল বিভাগ/অফিস প্রধান, বা.প্র.বি., ঢাকা।
- ৩। সকল ইন্সটিটিউট/সেন্টার-এর পরিচালকবৃন্দ, বা.প্র.বি., ঢাকা।
- ৪। সকল হল প্রভোস্ট, বা.প্র.বি., ঢাকা।
- ৫। অধ্যাপক ডঃ মোঃ মোহর আলী, বন্ধু ও ধাতব কৌশল বিভাগ, বা.প্র.বি., ঢাকা ও সভাপতি, কর্মকর্তা/কর্মচারীদের অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান সংশ্লিষ্ট কমিটি।